



আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

বাংলাদেশ প্রতিদিন, ৩০-০৯-২০২৩, অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে শীতকালীন সেমিস্টারের নবীনবরণ



### ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ২০২৩ সালের শীতকালীন

সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করল। বুধবার ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় আফতাবনগর, ঢাকায় এই নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই সেমিস্টারে ১১টি বিভাগে স্নাতক শ্রেণিতে প্রায় ২২০০ শিক্ষার্থীকে বরণ করা হয়েছে। শিক্ষার্থীদের বেশিরভাগই নারী (৫৩%)।

নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গৰ্ভনর, অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান এবং স্বাগত বক্তব্য রাখেন উপ-উপচার্য অধ্যাপক ড. মুহাম্মদ জিয়াউলহক মামুন। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের তিনটি অনুষদের ডিনবৃন্দ নবীনদের উদ্দেশে বক্তব্য দেন।

অনুষ্ঠানে বক্তারা নবীন শিক্ষার্থীদের আত্মবিশ্বাসী নাগরিক হয়ে গড়ে উঠার তাগিদ দেন। সেইসাথে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবনে কঠোর অধ্যবসায়ের পাশাপাশি বিভিন্ন ক্লাব, গবেষণাগার এবং লাইব্রেরিতে সক্রিয় হয়ে একজন দক্ষ মানব সম্পদ রূপে নিজেকে গড়ে তোলার প্রস্তুতি নিতে পরামর্শ দেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।